

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন -৪ অধিশাখা  
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০. ১১৩.০৪.০৩.১৭.-১০০৯


০৫ আশ্বিন ১৪২৪  
তারিখ: -----  
২০ সেপ্টেম্বর ২০১৭

বেসরকারি আইনজীবী প্যানেল নিয়োগের সংশোধিত বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয় সংক্রান্ত বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারী স্বার্থ রক্ষার্থে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের জন্য ০৪(চার) জন এবং প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য ০১ (এক) জন প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

উল্লেখ্য, গত ১৮-৯-২০১৭ তারিখে দৈনিক সমকাল ও দি ডেইলী অবজারভার পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিটি সংশোধিত আকারে প্রকাশ করা হলো।

১.	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত।
২.	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।
৩.	আবেদনের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
৪.	আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫.	বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য/পেশাগত সনদ এবং অভিজ্ঞতা সনদের কপি দিতে হবে।
৬.	এডভোকেট হিসেবে ১০ (দশ) বৎসরের তন্মধ্যে হাইকোর্ট বিভাগে কমপক্ষে ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা ও এককভাবে/যৌথভাবে কমপক্ষে ৫০(পঞ্চাশ) টি মামলা পরিচালনা ও নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে।
৭.	আবেদনের সাথে মামলা পরিচালনার ব্যয়/সম্মানীর হারের তালিকা দিতে হবে।
৮.	অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে।
৯.	আইনজীবী নিয়োগ ০৩(তিন) বৎসরের জন্য হবে।
১০.	কোন আইনজীবী অব্যাহতি নিতে চাইলে সেক্ষেত্রে ৬০ দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
১১.	আগামী ০২-১০-২০১৭ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, ভবন নং -৩, কক্ষ নং ১১২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আবেদনপত্র পৌছাতে হবে।
১২.	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)  
উপসচিব  
ফোন: ৯৫৪০৫৪০  
admincs@mopa.gov.bd  
